

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং- ১৪০-আইন/২০১৪/২৫০৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1), THIRD SCHEDULE এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

- (১) বিধি ৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত “লিখিত পরীক্ষা বা মৌখিক সাক্ষাৎকার অথবা উভয়” শব্দগুলির পরিবর্তে “লিখিত পরীক্ষার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (২) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১০। নিজস্ব পণ্য খালাসের (Self Clearance) জন্য লাইসেন্স প্রদান।- এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কোন গ্রাহক তদকর্তৃক আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য নিজে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণ করিয়া আবেদন করিলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রশাসনিক আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত ও সীমাবদ্ধতা সাপেক্ষে, উক্ত গ্রাহককে শুধুমাত্র নিজস্ব প্রতিষ্ঠানের পণ্য খালাসের লাইসেন্স প্রদান করিতে পারিবে।”;

(৩) বিধি ১৯ এর-

- (ক) দফা (ক) এ উল্লিখিত “১ (এক) লক্ষ টাকা” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “অন্যন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হইতে অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) দফা (খ) এ উল্লিখিত “১ (এক) লক্ষ টাকা” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে “২ (দুই) লক্ষ টাকা, উহাদের মধ্যে যাহা অধিক হয়” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী মোস্তাফিজুর রহমান)
প্রথম সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।